গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সমাজসেবা অধিদপ্তর

শৃঙ্খলা ও তদন্ত শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৭.২৬. ১৭১    তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

বিষয়: জনাব মোঃ রাশিদুল ইসলাম, বাবুর্চি, সরকারি শিশু পরিবার (বালক), যশোর {প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা} এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নম্বর ১৫/২০২৬ তারিখ ২৯/০৭/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, বিগত ০৬ জুলাই ২০২৬ তারিখ জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা, উপপরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চুয়াডাঙ্গাসহ আকস্মিকভাবে সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা পরিদর্শন করেন। পরিদর্শনকালে নিবাসীদের সাথে আলাপকালে তারা আপনি জনাব মোঃ রাশিদুল ইসলাম, বাবুর্চি, সরকারি শিশু পরিবার (বালক), যশোর {প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা} এর বিরুদ্ধে নিবাসীদের নানা ধরনের শারীরিক ও মানসিক নির্যাতনের বিষয়ে মৌখিক ও লিখিত অভিযোগ প্রদান করেন;

যেহেতু, আপনি জনাব মোঃ রাশিদুল ইসলাম, বাবুর্চি, সরকারি শিশু পরিবার (বালক), যশোর প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা কর্মকালীন নিবাসীদের মালামাল বাসায় নিয়ে যাওয়া, নিজে রান্না ঘরে না গিয়ে নিবাসীদেরকে রান্নার কাজে ব্যবহার করা, নিবাসীদেরকে বাসায় নিয়ে থালাবাটি, কাপড় ধোয়া, ঘর মোছা ইত্যাদি কাজে ব্যবহার করা, নিবাসীদের সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তোলা, খারাপ ব্যবহার করা, গালাগাল এবং গায়ে হাততোলা, প্রতিষ্ঠানের মালামাল চুরি করে বাহিরে বিক্রি করাসহ নিবাসীদের বিভিন্ন ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন এবং অত্যাচারের বিষয়টি অত্যন্ত অমানবিক ও স্পর্শকাতর;

যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা ০৬ জুলাই ২০২৬ তারিখ ০৫.৪৪.১৮০০.১০৪.৬৭.০০০২.২৬.৫৩৫ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন;

যেহেতু, আপনার এ ধরনের কর্মকাণ্ড সমাজসেবা অধিদপ্তর তথা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন করেছে। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর শামিল এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ রাশিদুল ইসলাম কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

২৯/৭/২০২৬

(মোঃ সাইফুল ইসলাম)
উপসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
☎ ০২-৫৫০০৭০২২
ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ রাশিদুল ইসলাম
বাবুর্চি
সরকারি শিশু পরিবার (বালক), যশোর
{প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০১৪.২৭.০০৪৭.২৬. ১৭৭(১৮) তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩ / ২৯ জুলাই ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ২২ ইএস টাওয়ার, ময়লাপোতা রোড, খুলনা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, যশোর/চুয়াডাঙ্গা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যশোর।
১০. উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার (বালক), যশোর/সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা।
১১. অফিস কপি।

২৯/০৭/২৬

(মোঃ রবিউল করিম)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ০২৫৫০০৭৩৭০

অভিযোগ বিবরণী

বিগত ০৬ জুলাই ২০২৬ তারিখ জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা, উপপরিচালক, স্থানীয় সরকার, চুয়াডাঙ্গা এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চুয়াডাঙ্গাসহ আকস্মিকভাবে সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা পরিদর্শন করেন। পরিদর্শনকালে নিবাসীদের সাথে আলাপকালে তারা জনাব মোঃ রাশিদুল ইসলাম, বাবুর্চি, সরকারি শিশু পরিবার (বালক), যশোর {প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা} এর বিরুদ্ধে নিবাসীদের নানা ধরনের শারীরিক ও মানসিক নির্যাতনের বিষয়ে মৌখিক ও লিখিত অভিযোগ প্রদান করেন।

জনাব মোঃ রাশিদুল ইসলাম, বাবুর্চি, সরকারি শিশু পরিবার (বালক), যশোর প্রাক্তন কর্মস্থল সরকারি শিশু পরিবার (বালিকা), চুয়াডাঙ্গা কর্মকালীন নিবাসীদের মালামাল বাসায় নিয়ে যাওয়া, নিজে রান্না ঘরে না গিয়ে নিবাসীদেরকে রান্নার কাজে ব্যবহার করা, নিবাসীদেরকে বাসায় নিয়ে থালাবাটি, কাপড় ধোয়া, ঘর মোছা ইত্যাদি কাজে ব্যবহার করা, নিবাসীদের সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তোলা, খারাপ ব্যবহার করা, গালাগাল এবং গায়ে হাততোলা, প্রতিষ্ঠানের মালামাল চুরি করে বাহিরে বিক্রি করাসহ নিবাসীদের বিভিন্ন ধরনের শারীরিক ও মানসিক নির্যাতন এবং অত্যাচারের বিষয়টি অত্যন্ত অমানবিক ও স্পর্শকাতর।

উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা ০৬ জুলাই ২০২৬ তারিখ ০৫.৪৪.১৮০০.১০৪.৬৭.০০০২.২৬.৫৩৫ সংখ্যক স্মারক মূলে অনুরোধ করেন।

তার এ ধরনের কর্মকাণ্ড সমাজসেবা অধিদপ্তর তথা সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ করেছে। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণ' এর শামিল এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।

২৯/৭/২০২৬

**(মোঃ সাইফুল ইসলাম)**
**উপসচিব**
পরিচালক (প্রশাসন ও অর্থ)